SpaMedica NHS

# আপনার YAG লেজার ক্যাপসুলোটমি

## রোগীদের জন্য অস্ত্রোপচার পূর্ববর্তী ও পরবর্তী নির্দেশিকা ও তথ্য



spamedica.co.uk

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা | 3 |
| YAG ক্যাপসুলোটমি সম্পর্কে | 4 |
| আপনার প্রাথমিক মূল্যায়ন | 6 |
| YAG ক্যাপসুলোটমির ঝুঁকি | 7 |
| YAG ক্যাপসুলোটমি পদ্ধতি | 8 |
| YAG ক্যাপসুলোটমির পরে | 9 |
| বিনামূল্যে রোগী পরিবহন | 10 |
| চিকিৎসা-পরবর্তী প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs) | 10 |
| আমাদের সাথে কীভাবে যোগাযোগ করবেন | 12 |
| মতামত ও অভিযোগ | 13 |
| তথ্যসূত্র | 14 |
| নোটসমূহ | 14 |


# ভূমিকা

আমরা এই পুস্তিকাটি আপনাকে YAG ক্যাপসুলোটমি সম্পর্কে প্রয়োজনীয় সমস্ত তথ্য প্রদানের জন্য প্রস্তুত করেছি, যার মধ্যে পদ্ধতিটিতে কী হয়, এর সাথে সম্পর্কিত ঝুঁকি এবং সুস্থতা লাভের বিষয়ে তথ্য রয়েছে।

আপনার প্রথমবার মূল্যায়নের আগে এবং পুনরায় আপনার প্রোসিজারের আগে এটি পড়াটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এই পুস্তিকার শেষে আমরা একটি দরকারি নোটের পৃষ্ঠা দিয়েছি, যেখানে রোগী থাকা অবস্থার যেকোনো পর্যায়ে আপনি চিকিৎসক বা নার্সকে জিজ্ঞাসা করতে চান এমন যেকোনো প্রশ্ন তালিকাভুক্ত করতে পারেন।

আপনি কি একজন সঙ্গী চান? এটা আপনার ইচ্ছা। এটি একজন পরিবারের সদস্য, বন্ধু বা আমাদের দলের একজন প্রশিক্ষিত সদস্য হতে পারেন। আপনার পরীক্ষা বা পরামর্শের সময় কাউকে আপনার সঙ্গে রাখতে চাইলে, অনুগ্রহ করে আসার সময় আমাদের জানাবেন।




আপনাকে সহায়তা করার জন্য আমাদের ওয়েবসাইটে spamedica.co.uk প্রচুর তথ্য রয়েছে।

# YAG ক্যাপসুলোটমি সম্পর্কে


**ছানি অপারেশনের সময়, আপনার চোখের ভিতরের প্রাকৃতিক লেন্সটি লেন্স ক্যাপসুল থেকে অপসারণ করা হয় এবং সেই স্থানে একটি কৃত্রিম লেন্স বসানো হয়। প্রায় 30% রোগীর ক্ষেত্রে, এই ক্যাপসুলটি ঘন হতে পারে[1], যা আপনার দৃষ্টিকে ঘোলাটে করে তুলতে পারে।**

**আপনি উজ্জ্বল এবং চকচকে আলোর কারণে অসুবিধাও অনুভব করতে পারেন। এটি সাধারণত ক্যাপসুলের পিছনে প্রভাব ফেলে এবং একে পোস্টেরিয়র ক্যাপসুলার ওপেফিকেশন** (PCO) **বলা হয়।**

PCO-**এর চিকিৎসা** YAG **লেজার মাধ্যমে করে করা যায়।** YAG **লেজার ঘোলাটে ক্যাপসুলে একটি ছোট ছিদ্র তৈরি করে, যাকে ক্যাপসুলোটমি বলা হয়। এটি চোখে আরও বেশি আলো প্রবেশের অনুমতি দেয় এবং ক্যাপসুল ঘোলাটে হওয়ার আগের অবস্থায় আপনার দৃষ্টি ফিরিয়ে আনে।**


**অনুগ্রহ করে মনে রাখবেন যে** YAG **ক্যাপসুলোটমি আপনার চশমার প্রেসক্রিপশন সংশোধন করবে না, তাই চিকিৎসার পরেও আপনাকে চশমা পরতে হবে।**

## YAG-পূর্ববর্তী প্রোসিজার




কৃত্রিম লেন্সের চারপাশে ঘোলাটে ক্যাপসুল।

## প্রোসিজার YAG প্রোসিজার



ক্যাপসুলে লেজার প্রয়োগ।

## YAG-পরবর্তী প্রোসিজার



# আপনার প্রাথমিক মূল্যায়ন

আপনার অস্ত্রোপচার-পূর্ববর্তী মূল্যায়ন আমাদের বহির্বিভাগ বিভাগে করা হবে। আপনি আমাদের সাথে প্রায় 2 ঘন্টা থাকতে পারেন এবং YAG ক্যাপসুলোটমি আপনার জন্য উপযুক্ত কিনা তা নিশ্চিত করতে আমাদের চিকিৎসা দল আপনার মূল্যায়ন করবেন।

মূল্যায়নে সহায়তার জন্য আপনার চোখে পিউপিল প্রসারিত করার ড্রপ দেওয়া হবে। এই ড্রপের কারণে আপনার দৃষ্টি ঝাপসা হয়ে যাবে, ফলে আপনি এর পরে গাড়ি চালাতে পারবেন না।

আপনার মূল্যায়ন-পূর্ববর্তী অ্যাপয়েন্টমেন্টে আপনি চোখ পরীক্ষার জন্য চিকিৎসকের কাছে যাবেন। যদি উপযুক্ত হয়, আপনি প্রস্তাবিত YAG লেজার প্রোসিজারের জন্য একটি সম্মতিপত্রে স্বাক্ষর করবেন এবং তারপর এই চিকিৎসায়

# YAG ক্যাপসুলোটমির ঝুঁকি

**YAG ক্যাপসুলোটমি একটি নিরাপদ, নন-ইনভেসিভ প্রোসিজার, এবং এতে গুরুতর জটিলতা হওয়া খুবই বিরল।**

YAG **ক্যাপসুলোটমির ঝুঁকিগুলির মধ্যে রয়েছে:**

- **ফ্লোটারের পরিবর্তন বা বৃদ্ধি**
- **চোখের সামনে বা পিছনে ফোলাভাব**
- **ইন্ট্রাওকুলার প্রেসারের বৃদ্ধি**
- **প্রদাহ**
- **লেন্সের স্থানচ্যুতি**
- **বিরল ক্ষেত্রে, চোখের লেন্সে** YAG **লেজারের দাগ পড়তে পারে - তবে এটি সাধারণত কোনো দৃষ্টিগত লক্ষণ সৃষ্টি করে না**
- **খুব বিরল ক্ষেত্রে, রেটিনা বিচ্ছিন্ন হতে পারে**

# YAG ক্যাপসুলোটমি পদ্ধতি

আপনি বাড়ি ফেরার সময় গাড়ি চালাতে পারবেন না, তাই অনুগ্রহ করে একজন সঙ্গী নিয়ে অথবা উপযুক্ত পরিবহনের ব্যবস্থা করে আসবেন।

চোখটি চিহ্নিত করা হবে এবং চিকিৎসা করা হচ্ছে এমন চোখে পিউপিল প্রসারিত করার ড্রপ দেওয়া হবে। এটি কয়েক ঘন্টার জন্য আপনার দৃষ্টি ঝাপসা করে দেবে।

একজন চক্ষু বিশেষজ্ঞ, বহির্বিভাগে চিকিৎসাটি করবেন।

মাঝে মাঝে চিকিৎসায় সহায়তার জন্য একটি বিশেষ লেন্সের প্রয়োজন হয়। প্রয়োজন হলে, আপনাকে আগে অ্যানেস্থেটিক চোখের ড্রপ দেওয়া হবে।

প্রোসিজারটিতে প্রায় 5-10 মিনিট সময় লাগে, এইসময় আপনি বিপ-বিপ শব্দ শুনবেন এবং উজ্জ্বল আলো দেখতে পাবেন।



# YAG ক্যাপসুলোটমির পরে

YAG ক্যাপসুলোটমি প্রোসিজারের পরে আপনার দৃষ্টি সাথে সাথে ঝাপসা হবে, তবে পরবর্তী কয়েক ঘন্টায় এটি ঠিক হয়ে যাওয়া উচিত।

চোখে 'ফ্লোটার' লক্ষ করাটা স্বাভাবিক। ফ্লোটার হল কোষের নিরাপদ দলা যা ভিট্রিয়াসের (চোখের ভিতরে থাকা জেলির মতো পদার্থ) ভিতরে চলাফেরা করে। আপনি ফ্লোটারগুলিকে বিন্দু, বৃত্ত, রেখা, মেঘ বা মাকড়সার জাল হিসাবে দেখতে পারেন। ফ্লোটারগুলি কয়েক সপ্তাহের মধ্যে স্থির হয়ে যায়।



# বিনামূল্যে রোগী পরিবহন

যেসকল রোগীরা তাদের অ্যাপয়েন্টমেন্টে যাতায়াতের জন্য লিফট পাচ্ছেন না তাদের জন্য আমরা বিনামূল্যে পরিবহন পরিষেবা প্রদান করি। আমরা আপনাকে শুধুমাত্র তখনই বুক করতে বলি যখন আপনার সত্যিই এই পরিষেবার প্রয়োজন এবং অন্যথায় আপনি অ্যাপয়েন্টমেন্টে আসতে পারবেন না।

বিনামূল্যে পরিবহনের জন্য আপনি যোগ্য কিনা তা জানতে, অনুগ্রহ করে আমাদের জেনারেল ইঙ্কোয়ায়েরিতে 0330 058 4280. নম্বরে কল করুন। বিকল্পভাবে, আপনার অপটিশিয়ান আপনাকে SpaMedica-এ রেফার করলে, তিনি/তারা আপনাকে, বিনামূল্যের পরিবহন পরিষেবার প্রয়োজন আছে কিনা, জিজ্ঞাসা করবেন। আপনাকে শুধু “হ্যাঁ” বা “না” বলতে হবে এবং তারা আপনার রেফারাল




# চিকিৎসা-পরবর্তী প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQS)

### আমি কখন গাড়ি চালাতে পারবো?

যখনই আপনি নিরাপদ বোধ করবেন। তবে, আপনি আইনি গাড়ি চালানোর প্রয়োজনীয়তা (20 মিটার দূর থেকে গাড়ির রেজিস্ট্রেশন প্লেট পড়তে পারা) পূরণ না করা পর্যন্ত গাড়ি চালাতে পারবেন না। গাড়ি চালানোর আগে আপনার নতুন চশমার প্রয়োজন হতে পারে এবং আপনার প্রোসিজারের দিনে আপনি গাড়ি চালাতে পারবেন না।

## YAG এর অর্থ কী?

YAG হল ইট্রিয়াম, অ্যালুমিনিয়াম এবং গার্নেট ক্রিস্টাল।

## YAG লেজারের পরে কি আমার চশমার প্রয়োজন হবে?

হ্যাঁ, লেজার চিকিৎসার এই ধরনটি আপনার চশমার প্রেসক্রিপশন পরিবর্তন করে না।

## YAG এর জন্য কি আমাকে প্রস্তুত হতে হবে?

না, আপনি স্বাভাবিক জীবনযাপন করুন এবং আপনার যে ওষুধগুলি খাচ্ছেন তা চালিয়ে যান।

## এটি কি আবার হবে?

PCO ফিরে আসা খুবই অস্বাভাবিক।

## YAG প্রোসিজারে কি ব্যথা হবে?

YAG লেজার একটি ব্যথাহীন প্রোসিজার। এতে আপনি উজ্জ্বল আলো এবং বিপ-বিপ শব্দ শুনতে পাবেন।

## আমার কি ড্রপের প্রয়োজন হবে?

সাধারণত, অস্ত্রোপচার-পরবর্তী কোন ড্রপের প্রয়োজন হয় না, তবে চোখের ড্রপের পরামর্শ দেওয়া হলে, সেটি ডিসচার্জের নির্দেশনা অনুযায়ী নিন।

## আমার কি ফলো-আপ অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন?

কিছু রোগীর বহির্বিভাগ ক্লিনিকে ফলো-আপ অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন হবে। লেজার অপারেটর আরও একটি অ্যাপয়েন্টমেন্ট প্রয়োজন কিনা তার পরামর্শ দেবেন।

# আমাদের সাথে কীভাবে যোগাযোগ করবেন

**আমাদের ওয়েবসাইটে প্রচুর তথ্য রয়েছে:** ***spamedica.co.uk***

## সাধারণ অনুসন্ধান

| | |
|---|---|
| আপনার সার্জারি সম্পর্কিত অ-জরুরি প্রশ্নের জন্য, আমাদের সাথে যোগাযোগ করুন:<br>• অ্যাপয়েন্টমেন্টের তথ্য<br>• পরিবহন সংক্রান্ত প্রশ্নাবলী<br>• আপনার চিকিৎসা সম্পর্কিত প্রশ্নাবলী | ফোন:<br>**0330 058 4280**<br>সোম থেকে শনি, সকাল 8টা - সন্ধ্যা 6টা<br>ইমেইল: **contact@spamedica.co.uk** |

## জরুরি সাহায্য

| | |
|---|---|
| নিম্নলিখিত উপসর্গগুলির মধ্যে কোনোটি অনুভব করলে আমাদের সাথে অবিলম্বে যোগাযোগ করুন:<br>• তীব্র ব্যথা<br>• তীব্র অবিরাম কপালের ব্যথা (প্যারাসিটামল খাওয়ার পরেও)<br>যার সাথে বমি বমি ভাব এবং বমি | ফোন:<br>**0161 838 0883**<br>দিনে 24 ঘন্টা, বছরে 365 দিন |

# মতামত ও অভিযোগ

**SpaMedica সর্বদা আমাদের রোগীদের কথা শোনে এবং আমরা আপনার মতামতকে মূল্য দিই। অনুগ্রহ করে আমাদের জানান আমরা কী ভালো করি এবং কী আরও ভালো করতে পারি।**

**আপনার অভিজ্ঞতা সম্পর্কে আমাদের জানানোর জন্য আমাদের প্রতিটি হাসপাতালে ফিডব্যাক কার্ড পাওয়া যায়। নিচের যোগাযোগের বিবরণ ব্যবহার করে আমাদের কাছে আপনার মতামত পাঠান:**

**ইমেইল**: **feedback@spamedica.co.uk**

**ঠিকানা**: **মুখ্য নির্বাহী আধিকারিক, SpaMedica Ltd., 43 Churchgate, Bolton, BL1 1HU**

**আপনি প্রাপ্ত পরিষেবায় সন্তুষ্ট না হলে, অনুগ্রহ করে যেকোনো উদ্বেগ নিয়ে হাসপাতাল ম্যানেজারের সাথে কথা বলুন অথবা উপরের ঠিকানায় আমাদের লিখুন।**

**আপনি যদি** SpaMedica **-তে অভিযোগ করেন এবং প্রতিক্রিয়ায় সন্তুষ্ট না হন, তাহলে আপনি নিচের যোগাযোগের বিবরণ ব্যবহার করে পার্লামেন্টারি অ্যান্ড হেলথ সার্ভিস ওমবুডসম্যান (**PHSO**) -এর সাথে যোগাযোগ করতে পারেন:**

PHSO **ওয়েবসাইটে অনলাইন ফর্ম পূরণ করুন -**
www.ombudsman.org.uk/#complaint-checkerPHSO

**গ্রাহক হেল্পলাইন – 0345 015 4033, সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30 থেকে সন্ধ্যা 5:30 পর্যন্ত, ব্যাংকের ছুটির দিনগুলি বাদে।**

PHSO **'কল ব্যাক' পরিষেবায়:**

# তথ্যসূত্র

**[1]** Donachie, P.H.J., et al. The Royal College of Ophthalmologists' National Ophthalmology Database study of cataract surgery:
Report 9, Risk factors for posterior capsule opacification. Eye37, 1633–1639 (2023).

# নোটসমূহ

**অনুগ্রহ করে এই পুস্তিকাটি আপনার সাথে নিয়ে আসুন এবং আপনার সাক্ষাৎকারে যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে চান তা লেখার জন্য পরবর্তী পৃষ্ঠাগুলি ব্যবহার করুন।**

# নোটসমূহ

কার্বন ফুটপ্রিন্ট লোগো

## আমাদের সাথে যোগাযোগ করুন

**সাধারণ অনুসন্ধানের জন্য অনুগ্রহ করে নিচের নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন:**

**টেলি: 0330 058 4280**

**ইমেইল: contact@spamedica.co.uk**

এখানে স্ক্যান করুন

## ওয়েবসাইট

QR **কোড স্ক্যান করুন অথবা** YAG **লেজার ক্যাপসুলোটমি সম্পর্কে আরও জানতে**

**spamedica.co.uk ভিজিট করুন**

**ঠিকানা:**

SpaMedica Ltd. 43 Churchgate, Bolton, BL1 1HU

SM_LBB0003_0824